

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ৬, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-২ শাখা।

প্রজ্ঞাপন

তারিখ: ২৩ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৬ মে, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৯৫-আইন/২০২৬।—যেহেতু সরকার, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ১০ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ মোতাবেক ২৪ মার্চ, ২০২৬ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ৭৪-আইন/২০২৬ দ্বারা কক্সবাজার জেলার পেকুয়া উপজেলাধীন পেকুয়া পৌরসভা গঠনের লক্ষ্যে নিম্ন তফসিলে উল্লিখিত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত করিয়াছে এবং উক্ত প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে অনূর্ধ্ব এক মাসের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদকে উক্তরূপ অভিপ্রায় প্রস্তাবের বিরুদ্ধে সরকারের বরাবরে লিখিত আপত্তি উত্থাপন করিতে পারিবে মর্মে নির্দেশনা প্রদান করিয়াছে; এবং

যেহেতু উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৩) এর অধীন উত্থাপিত আপত্তি নিষ্পন্ন করিয়া সরকার নিম্ন তফসিলে উল্লিখিত এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করিবার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু সরকার, উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্ন তফসিলে উল্লিখিত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করিল, যথা:—

( ১৭৫৩৭ )

মূল্য : টাকা ৪.০০

## তফসিল

ক্র.নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে. এল. নং	দাগ নং
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১।	০৪ নং পেকুয়া	পেকুয়া	০৮	১-৮৯৫
				১৫০১-৩৪৩৩
				৪০০১-৫১১১
				৭০২০-৭৮৪১
				১০০০১-১০১৭৬
				১১০০১-১১৩০৭
				১২০০১-১২২০৮
		মেহেরনামা	০৭	১-৪৫৮
		৫১১-৫১৫		
		৪০০১-৪০৩৭		

রাষ্ট্রপতির আদেশক্রমে

আশফিকুন নাহার  
উপসচিব।